# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৮৩৫

২. ঋতুস্রাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ১. ইসতিহাযা (রক্তপ্রদরের রোগিণী)

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَحْمَدَ الدَّقَّاقُ ، نَا يَحْيَى بْنُ أَبِي طَالِبٍ ، ثَنَا عَبْدُ الْوَهَّابِ ، ثَنَا هِشَامُ بْنُ حَسَّانَ ، عَنِ الْجَلْدِ بْنِ أَيُّوبَ ، ح : وَحَدَّثَنَا دَعْلَجُ بْنُ أَحْمَدَ ، نَا مُوسَى بْنُ هَارُونَ ، نَا ابْنُ أَخِي جُوَيْرِيَةَ ، حَدَّثَنَا مَهْدِيُّ بْنُ مَيْمُونٍ ، عَنِ الْجَلْدِ بْنِ أَيُّوبَ ، عَنْ أَبِي إِيَاسٍ مُعَاوِيَةَ بْنِ قُرَّةَ ، عَنْ عَائِذِ بْنِ عَمْرٍو : " أَنَّ امْرَأَتَهُ نُفِسَتْ وَأَنَّهَا رَأَتِ الطُّهْرَ بَعْدَ عِشْرِينَ لَيْلَةً ، فَتَطَهَّرَتْ ، ثُمَّ أَتَتْ فِرَاشَهُ ، فَقَالَ : مَا شَأْنُكِ ؟ قَالَتْ : قَدْ طَهُرْتُ ، قَالَ : فَضَرَبَهَا بِرِجْلِهِ ، وَقَالَ : إِلَيْكِ عَنِّي ، فَلَسْتِ بِالَّتِي تُغْرِينِي عَنْ دِينِي ، حَتَّى تَمْضِيَ أَرْبَعِينَ لَيْلَةً " . وَقَالَ هِشَامٌ فِي حَدِيثِهِ : عَنْ عَائِذِ بْنِ عَمْرٍو ، وَكَانَ مِمَّنْ بَايَعَ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ تَحْتَ الشَّجَرَةِ . وَلَمْ يَرْوِهِ عَنْ مُعَاوِيَةَ بْنِ قُرَّةَ غَيْرُ الْجَلْدِ بْنِ أَيُّوبَ ، وَهُوَ ضَعِيفٌ

বাংলা

৮৩৫(৭৩). উসমান ইবনে আহমাদ আদ-দাক্কাক (রহঃ) ... আয়েয ইবনে আমর (রাঃ) থেকে বর্ণিত। তার স্ত্রী নিফাসগ্রস্ত হলো এবং সে বিশ দিন অতিবাহিত হওয়ার পর পবিত্রতা (রক্তক্ষরণ বন্ধ) দেখলো এবং সে পবিত্র হয়ে গেল, অতঃপর তার (স্বামীর) বিছানায় এলো। তিনি বলেন, তোমার কি অবস্থা? সে বলল, আমি পবিত্র হয়েছি। রাবী বলেন, তিনি তাকে নিজের পা দ্বারা আঘাত করে বললেন, আমার থেকে দূরে সরে যাও। তুমি আমাকে আমার দীন থেকে থেকে দূরে সরাতে পারবে না, তোমার চল্লিশ দিন অতিবাহিত না হওয়া পর্যন্ত।

হিশাম (রহঃ) তার হাদীসে আয়েয ইবনে আমর (রাঃ) সূত্রে বলেন, যারা গাছের নিচে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাতে বাইআত গ্রহণ করেছিলেন তিনি তাদের একজন। এই হাদীস মু'আবিয়া ইবনে কুররা (রহঃ) থেকে আল-জালাদ ইবনে আইউব ব্যতীত অন্য কেউ বর্ণনা করেননি এবং তিনি হাদীসশাস্ত্রে দুর্বল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়েয ইবনে আমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80624

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন